[জুলাই 22, 2004 পর্যন্ত হালনাগাদকৃত]

## দ্য ফরেন করাপ্ট প্র্যাক্টিসেস অ্যাক্ট-এর

## উত্‌কোচ-প্রতিরোধ এবং খতিয়ান ও রেকর্ড সংক্রান্ত অনুবিধি

*পাবলিক ল' 105-366 পর্যন্ত হালনাগাদকৃত (নভেম্বর 10, 1998)*

## ইউনাইটেড স্টেটস কোড

## টাইটেল 15. ব্যবসা ও বাণিজ্য

## অধ্যায় 2B— সিকিউরিটিজ এক্সচেঞ্জসমূহ

### § 78m. সাময়িক এবং অন্যান্য প্রতিবেদনসমূহ

### (a) সিকিউরিটি ইস্যুকারী কর্তৃক প্রতিবেদন; বিষয়বস্তু

এই টাইটেল-এর ধারা 78l অনুযায়ী নিবন্ধিত প্রত্যেক সিকিউরিটি ইস্যুকারী, বিনিয়োগকারীদের যথাযথ সুরক্ষা এবং সিকিউরিটি'র ন্যায্য লেনদেন নিশ্চিত করার জন্য কমিশন যে সকল বিধি ও প্রবিধান জরুরী অথবা উপযুক্ত হিসেবে নির্দেশ করেন, সেগুলো অনুসারে কমিশন বরাবর দাখিল করবেন--

(1) এরূপ তথ্য ও দলিল-পত্রাদি (এবং এগুলোর এরূপ প্রতিলিপি) যা এই টাইটেল-এর ধারা 78l অনুযায়ী দাখিলযোগ্য আবেদন বা নিবন্ধন বিবরণীর সঙ্গে অন্তর্ভুক্ত করণীয় বা যা দাখিলযোগ্য তথ্য ও দলিল-পত্রাদি যুক্তিসংগতভাবে হালনাগাদ রাখার জন্য কমিশনের প্রয়োজন হবে, এর ব্যতিক্রম হচ্ছে যে জুলাই 1, 1962 তারিখের পূর্বে পূর্ণরূপে সম্পন্ন যে কোন গুরুত্বপূর্ণ চুক্তি দাখিলের আবশ্যকতা কমিশনের নাও হতে পারে।

(2) এরূপ বার্ষিক প্রতিবেদন (এবং এগুলোর এরূপ প্রতিলিপি) যেগুলো কমিশনের আবশ্যকতা থাকলে স্বতন্ত্র পাবলিক অ্যাকাউন্ট্যান্টগণ কর্তৃক প্রত্যায়িত হতে হবে, এবং এরূপ ত্রৈমাসিক প্রতিবেদন (এবং এগুলোর এরূপ প্রতিলিপি) যার উল্লেখ কমিশন করে থাকবে।

কোন ন্যাশনাল সিকিউরিটিজ এক্সচেঞ্জে নিবন্ধিত প্রত্যেক ইস্যুকারীকে এ সকল তথ্য, দলিল, এবং প্রতিবেদনের মূল অনুলিপিও এক্সচেঞ্জে দাখিল করতে হবে।

### (b) প্রতিবেদনের প্রকারভেদ; খতিয়ান, রেকর্ড, এবং অভ্যন্তরীণ হিসাব; নির্দেশাবলী

* * *

(2) এই টাইটেল-এর ধারা 78l অনুসারে নিবন্ধিত শ্রেণিভুক্ত সিকিউরিটিজ রয়েছে এরূপ প্রত্যেক ইস্যুকারী এবং এই টাইটেল-এর ধারা 78o(d) অনুসারে যাদের প্রতিবেদন দাখিল করা আবশ্যক এরূপ প্রত্যেক ইস্যুকারী--

(A) খতিয়ান, রেকর্ড, এবং আর্থিক বিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন, যা ইস্যুকারীর ব্যক্তিগত সম্পদের লেনদেন ও নিষ্পত্তি যুক্তিযুক্ত বিস্তৃতিতে, সঠিকভাবে এবং সুষ্ঠুভাবে প্রতিফলিত করে; এবং

(B) অভ্যন্তরীণ হিসাব নিয়ন্ত্রণের একটি পদ্ধতি উদ্ভাবন করবেন ও অব্যাহত রাখবেন যা এ সকল নিম্নোক্ত ন্যায়সঙ্গত আশ্বাস প্রদানে যথেষ্ট যে--

(i) লেনদেনসমূহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাধারণ বা সুনির্দিষ্ট অনুমোদন সাপেক্ষে সম্পন্ন হয়;

(ii) লেনদেনসমূহ প্রয়োজনীয় হিসেবে রেকর্ডভুক্ত হয় (I) সাধারণভাবে স্বীকৃত হিসাবরক্ষণের নীতিমালা অনুযায়ী বা প্রযোজ্য অন্য কোন মানদণ্ড অনুসারে আর্থিক বিবরণী প্রস্তুতিতে সহায়তার জন্য, এবং (II) ব্যক্তিগত সম্পদের দায়বদ্ধতা বজায় রাখার জন্য;

(iii) ব্যক্তিগত সম্পদে অভিগম্যতা কেবলমাত্র ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাধারণ বা সুনির্দিষ্ট অনুমোদন অনুসারে অনুমোদিত; এবং

(iv) ব্যক্তিগত সম্পদের রেকর্ডভুক্ত দায়বদ্ধতার হিসাব ন্যায়সঙ্গত বিরতিতে বিদ্যমান পরিসম্পদের সঙ্গে তুলনা করা হয় এবং কোনরূপ পার্থক্য পরিলক্ষিত হলে যথাযথ ব্যবস্থা গৃহীত হয়।

(3) (A) মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়াদির পরিপ্রেক্ষিতে, এ সকল বিষয়াদির জন্য দায়িত্বপ্রাপ্ত কোন ফেডারেল ডিপার্টমেন্ট বা এজেন্সি প্রধানের সঙ্গে সহযোগিতামূলকভাবে কর্মরত কোন ব্যক্তির ওপর এই উপধারার অনুচ্ছেদ (2)-এর আওতায় কোন কর্তব্য বা দায় আরোপ করা হবে না, যদি এরূপ ডিপার্টমেন্ট বা এজেন্সি প্রধানের সঙ্গে সহযোগিতামূলকভাবে সম্পন্ন কর্ম ঐ ডিপার্টমেন্ট বা এজেন্সি প্রধানের সুনির্দিষ্ট, লিখিত নির্দেশের বলে করা হয়ে থাকে, যেক্ষেত্রে ঐ ডিপার্টমেন্ট বা এজেন্সি প্রধানের এই প্রকার নির্দেশ জারি করার রাষ্ট্রপতির কর্তৃত্ব অনুসারে তা করা হয়ে থাকে। এই অনুচ্ছেদের আওতায় জারিকৃত প্রতিটি নির্দেশ সুনির্দিষ্ট ঘটনা বা পরিস্থিতি তুলে ধরবে, যার পরিপ্রেক্ষিতে এই অনুচ্ছেদের বিধানসমূহ উত্থাপন করা হবে। এরূপ প্রতিটি নির্দেশ, যদি না তা লিখিতভাবে নবায়নকৃত হয়, জারি করার এক বছর পর অকার্যকর হয়ে যাবে।

(B) এই অনুচ্ছেদ অনুসারে এ ধরণের নির্দেশ জারি করেছেন এরূপ প্রত্যেক ডিপার্টমেন্ট বা এজেন্সি প্রধান এই ধরণের সকল নির্দেশের একটি নথি সংরক্ষণ করবেন এবং, প্রতি বছর অক্টোবর 1 তারিখে, পূর্ববর্তী বছরে যে কোন সময়ে কার্যকর এরূপ নির্দেশাবলীর আওতাধীন বিষয়াদির সারসংক্ষেপ প্রতিনিধি পরিষদ বা হাউস অব রেপ্রিজেন্টেটিভস (House of Representatives)-এর সিলেক্ট কমিটি অন ইন্টেলিজেন্স (Select Committee on Intelligence) এবং সেনেট (Senate)-এর সিলেক্ট কমিটি অন ইন্টেলিজেন্স বরাবর প্রেরণ করবেন।

(4) এই উপধারার অনুচ্ছেদ (5) এ বিবৃত বিধান ব্যতিরেকে, এই উপধারার অনুচ্ছেদ (2)-এর শর্তাবলী অনুসরণ করতে ব্যর্থ হলে কোন প্রকার ফৌজদারী দায় আরোপ করা হবে না।

(5) কোন ব্যক্তি জ্ঞাতসারে অভ্যন্তরীণ হিসাব নিয়ন্ত্রণ পদ্ধতি অবশ্যই এড়িয়ে যাবেন না অথবা বাস্তবায়নে ব্যর্থ হবেন না, অথবা জ্ঞাতসারে অনুচ্ছেদ (2)-এ বর্ণিত খতিয়ান, রেকর্ড বা আর্থিক বিবরণীতে তথ্যগত ভুল সন্নিবেশ করবেন না।

(6) যে ক্ষেত্রে এই টাইটেল-এর ধারা 78l অনুসারে নিবন্ধিত শ্রেণিভুক্ত সিকিউরিটিজ রয়েছে এরূপ ইস্যুকারী অথবা এই টাইটেল-এর ধারা 78o(d) অনুসারে যাদের প্রতিবেদন দাখিল করা আবশ্যক এরূপ ইস্যুকারী অভ্যন্তরীণ বা বৈদেশিক আর্থিক প্রতিষ্ঠানে 50 শতাংশ বা তার চেয়েও কম ভোটদানের ক্ষমতা রাখেন, সে ক্ষেত্রে অনুচ্ছেদ (2)-এর বিধানমতে কেবল আবশ্যক হবে যে ইস্যুকারী তার পরিস্থিতির আওতায় ন্যায়সঙ্গত পরিমাণে আন্তরিকভাবে তার প্রভাব কাজে লাগিয়ে উক্ত অভ্যন্তরীণ বা বৈদেশিক আর্থিক প্রতিষ্ঠানে একটি অভ্যন্তরীণ হিসাব নিয়ন্ত্রণ পদ্ধতি প্রণয়ন ও পরিচালনায় সহায়তা করবেন, যা অনুচ্ছেদ (2)-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ। এরূপ পরিস্থিতির অন্তর্ভুক্ত রয়েছে অভ্যন্তরীণ বা বৈদেশিক আর্থিক প্রতিষ্ঠানে ইস্যুকারীর মালিকানার তুলনামূলক পরিমাণ এবং এ ধরণের আর্থিক প্রতিষ্ঠান যে দেশে অবস্থিত সেখানে ব্যবসা পরিচালনা নিয়ন্ত্রণকারী আইন ও অনুশীলনসমূহ। এ সকল প্রভাব কাজে লাগানোর আন্তরিক প্রচেষ্টা প্রদর্শনকারী একজন ইস্যুকারী অনুচ্ছেদ (2)-এর শর্তসমূহ পালন করেছেন বলে ধরে নেওয়া হবে।

(7) এই উপধারার অনুচ্ছেদ (2)-এর আওতায়, “ন্যায়সঙ্গত আশ্বাস" এবং “যুক্তিযুক্ত বিস্তৃতি” কথাগুলো দ্বারা এরূপ বিশদ বিবরণ এবং আশ্বাসের মাত্রা বুঝায় যা বিচক্ষণ কর্মকর্তাবৃন্দকে তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে সন্তুষ্টিবিধান করে।

* * *

**§78dd-1 1934 সালের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অ্যাক্ট-এর ধারা 30A]. ইস্যুকারীগণের**

**জন্য নিষিদ্ধ বৈদেশিক বাণিজ্য অনুশীলনসমূহ**

**(a) নিষেধাজ্ঞা**

এই টাইটেল-এর ধারা 78l অনুসারে নিবন্ধিত শ্রেণিভুক্ত সিকিউরিটিজ রয়েছে এরূপ অথবা এই টাইটেল-এর ধারা 78o(d) অনুসারে যাদের প্রতিবেদন দাখিল করা আবশ্যক এরূপ যে কোন ইস্যুকারী, অথবা এরূপ ইস্যুকারী যে কোন কর্মকর্তা, ডিরেক্টর, কর্মচারী, বা এজেন্ট, অথবা এরূপ ইস্যুকারীর হয়ে কর্মরত তাদের যে কোন স্টকহোল্ডারের পক্ষে ডাক অথবা আন্তঃস্টেট বাণিজ্যের অন্য কোন মাধ্যম ব্যবহার করে

নিম্নোক্তদেরকে কোন আর্থিক সুবিধা প্রদান, অর্থ পরিশোধ, পরিশোধের অঙ্গীকার, বা পরিশোধের অনুমোদন, অথবা মূল্যবান কোন জিনিস সাধা, উপহার প্রদান, বা প্রদানের অঙ্গীকার, অথবা প্রদান অনুমোদন করা বেআইনী--

(1) যে কোন বিদেশী কর্মকর্তাকে নিম্নোক্ত উদ্দেশ্যে--

(A) (i) এরূপ বিদেশী কর্মকর্তার কোন কাজ বা সিদ্ধান্তকে তার দাপ্তরিক সক্ষমতার আওতায় প্রভাবিত করা, (ii) এরূপ বিদেশী কর্মকর্তার আইনসম্মত দাপ্তরিক কর্তব্য লঙ্ঘন করে কোন কাজ করতে বা করা থেকে বিরত থাকতে প্রভাবিত করা, অথবা (iii) কোন অসঙ্গত সুবিধা অর্জন করা; অথবা

(B) এরূপ বিদেশী কর্মকর্তার প্রভাবকে কাজে লাগিয়ে কোন বিদেশী সরকার বা তার কোন অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক সেই সরকার বা তার অঙ্গ প্রতিষ্ঠানের কোন কাজ বা সিদ্ধান্তকে প্রভাবিত করা,

যার লক্ষ্য হচ্ছে এরূপ ইস্যুকারীকে কোন ব্যক্তির সঙ্গে ব্যবসার সুযোগ লাভ করা বা ধরে রাখা, বা ব্যবসাকে তার অভিমুখে পরিচালিত করতে সাহায্য করা;

(2) যে কোন বিদেশী রাজনৈতিক দল বা এর কর্মকর্তা অথবা বিদেশী রাজনৈতিক অফিসের কোন প্রার্থীকে নিম্নোক্ত উদ্দেশ্যে--

(A) (i) এরূপ রাজনৈতিক দল, কর্মকর্তা বা প্রার্থীর কোন কাজ বা সিদ্ধান্তকে তার দাপ্তরিক সক্ষমতার আওতায় প্রভাবিত করা, (ii) এরূপ দল, কর্মকর্তা বা প্রার্থীকে তার আইনসম্মত দাপ্তরিক কর্তব্য লঙ্ঘন করে কোন কাজ করতে বা করা থেকে বিরত থাকতে প্রভাবিত করা, অথবা (iii) কোন অসঙ্গত সুবিধা অর্জন করা; অথবা

(B) এরূপ দল, কর্মকর্তা বা প্রার্থীর প্রভাবকে কাজে লাগিয়ে কোন বিদেশী সরকার বা তার কোন অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক সেই সরকার বা তার অঙ্গ প্রতিষ্ঠানের কোন কাজ বা সিদ্ধান্তকে প্রভাবিত করা,

যার লক্ষ্য হচ্ছে এরূপ ইস্যুকারীকে কোন ব্যক্তির সঙ্গে ব্যবসার সুযোগ লাভ করা বা ধরে রাখা, বা ব্যবসাকে তার অভিমুখে পরিচালিত করতে সাহায্য করা; অথবা

(3) এরূপ অর্থ বা মূল্যবান বস্তু প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন বিদেশী কর্মকর্তা, বিদেশী রাজনৈতিক দল বা এর কর্মকর্তা, অথবা বিদেশী রাজনৈতিক অফিসের কোন প্রার্থীকে সাধা হবে, প্রদান করা হবে, বা প্রদানের অঙ্গীকার করা হবে জেনেও এরূপ কোন ব্যক্তিকে নিম্নোক্ত উদ্দেশ্যে--

(A) (i) এরূপ বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীর কোন কাজ বা সিদ্ধান্তকে তার দাপ্তরিক সক্ষমতার আওতায় প্রভাবিত করা, (ii) এরূপ বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীকে তার আইনসম্মত দাপ্তরিক কর্তব্য লঙ্ঘন করে কোন কাজ করতে বা করা থেকে বিরত থাকতে প্রভাবিত করা, অথবা (iii) কোন অসঙ্গত সুবিধা অর্জন করা; অথবা

(B) এরূপ বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীর প্রভাবকে কাজে লাগিয়ে কোন বিদেশী সরকার বা তার কোন অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক সেই সরকার বা তার অঙ্গ প্রতিষ্ঠানের কোন কাজ বা সিদ্ধান্তকে প্রভাবিত করা,

যার লক্ষ্য হচ্ছে এরূপ ইস্যুকারীকে কোন ব্যক্তির সঙ্গে ব্যবসার সুযোগ লাভ করা বা ধরে রাখা, বা ব্যবসাকে তার অভিমুখে পরিচালিত করতে সাহায্য করা।

**(b) নিয়মতান্ত্রিক সরকারী পদক্ষেপের ব্যতিক্রম**

কোন বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, বা দলীয় কর্মকর্তাকে অর্থ প্রদান সহজতর করা বা ত্বরান্বিত করার ক্ষেত্রে এই ধারার উপধারা (a) ও (g) প্রযোজ্য হবে না যদি তার উদ্দেশ্য হয় বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, বা দলীয় কর্মকর্তা কর্তৃক কোন নিয়মিত সরকারী পদক্ষেপ সম্পাদন ত্বরান্বিত বা সুনিশ্চিত করা।

**(c) সম্মতিসূচক প্রতিরক্ষা (Affirmative defenses)** এই ধারার উপধারা (a) ও (g) এর আওতায়

কৃত কর্মের জন্য সম্মতিসূচক প্রতিরক্ষা হিসেবে নিম্নোক্ত বিষয়সমূহ কাজ করবে--

(1) প্রদান করা অর্থ, উপহার, সুযোগ বা কোন মূল্যবান বস্তু প্রদানের অঙ্গীকার বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীর নিজ দেশের আইন ও প্রবিধান অনুযায়ী বৈধ হয়ে থাকলে; অথবা

(2) প্রদান করা অর্থ, উপহার, সুযোগ বা কোন মূল্যবান বস্তু প্রদানের অঙ্গীকার বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থী কর্তৃক বা তার পক্ষে মেটানো একটি ন্যায়সঙ্গত ও প্রকৃত ব্যয় হয়ে থাকলে, যেমন ভ্রমণ ও অবস্থান ব্যয়, এবং তা প্রত্যক্ষভাবে নিম্নের বিষয়গুলোর সঙ্গে সম্পর্কযুক্ত থাকলে--

(A) পণ্য বা পরিষেবার প্রসার, প্রদর্শন, বা ব্যাখ্যা; অথবা

(B) কোন বিদেশী সরকার বা তার কোন এজেন্সির সঙ্গে চুক্তি সম্পাদন বা এর কার্যক্রম।

## (d) অ্যাটর্নি জেনারেল-এর নির্দেশাবলী

অগাস্ট 23, 1988-এর অনধিক এক বছরের মধ্যে কমিশন, সেক্রেটারি অব কমার্স, ইউনাইটেড স্টেটস ট্রেড রেপ্রিজেন্টেটিভ, সেক্রেটারি অব স্টেট, এবং সেক্রেটারি অব ট্রেজারি'র সঙ্গে পরামর্শক্রমে, এবং গণবিজ্ঞপ্তি ও মন্তব্য প্রক্রিয়ার মাধ্যমে স্বার্থসংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গের মতামত গ্রহণপূর্বক, অ্যাটর্নি জেনারেল নির্ধারণ করবেন এই ধারার অনুসরণের বিষয়টি কতটা বর্ধিত করা হবে এবং এই ধারার পূর্ববর্তী বিধানসমূহের অতিরিক্ত ব্যাখ্যা প্রদানের মাধ্যমে ব্যবসায়ী সম্প্রদায়কে কতটা সহায়তা করা হবে এবং তিনি এরূপ নির্ধারণের ওপর ভিত্তি করে এবং প্রয়োজনীয় ও উপযুক্ত মাত্রায়, জারি করতে পারেন--

(1) রপ্তানী বিক্রয় ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট সুনির্দিষ্ট প্রকারের আচরণ বর্ণনাকারী নির্দেশাবলী, যা ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতির প্রয়োজনে এই ধারার পূর্ববর্তী বিধানসমূহকে অনুসরণ করে হতে হবে বলে অ্যাটর্নি জেনারেল নির্ধারণ করেন; এবং

(2) সাধারণ সতর্কতামূলক পদ্ধতিসমূহ, যা ইস্যুকারীগণ এই ধারার পূর্ববর্তী বিধানসমূহ সংক্রান্ত ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতির সাথে তাদের আচরণকে সামঞ্জস্যপূর্ণ করতে ঐচ্ছিকভাবে ব্যবহার করতে পারেন।

পূর্ববর্তী বাক্যে উল্লেখ করা নির্দেশাবলী এবং পদ্ধতিসমূহ অ্যাটর্নি জেনারেল টাইটেল 5 এর আওতাধীন অধ্যায় 5 এর উপ-অধ্যায় II -এর বিধানাবলী অনুযায়ী জারি করবেন এবং সে সকল নির্দেশাবলী ও পদ্ধতিসমূহ ঐ টাইটেল-এর অধ্যায় 7 কর্তৃক নিয়ন্ত্রণযোগ্য হবে।

## (e) অ্যাটর্নি জেনারেল-এর মতামত

(1) মার্কিন যুক্তরাষ্ট্রের যথাযথ ডিপার্টমেন্ট এবং এজেন্সিসমূহের সঙ্গে পরামর্শক্রমে এবং গণবিজ্ঞপ্তি ও মন্তব্য প্রক্রিয়ার মাধ্যমে স্বার্থসংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গের মতামত গ্রহণপূর্বক, অ্যাটর্নি জেনারেল এই ধারার পূর্ববর্তী বিধানসমূহ সংক্রান্ত ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতির সাথে তাদের আচরণগত সামঞ্জস্য বিষয়ে ইস্যুকারীগণের অনুসন্ধানের প্রেক্ষিতে তার জবাব প্রদানের একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করবেন। এরূপ অনুরোধ প্রাপ্তির 30 দিবসের মধ্যে অ্যাটর্নি জেনারেল এই অনুরোধের জবাবে একটি মতামত জারি করবেন। এই মতামতে বিবৃত থাকবে ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতির প্রেক্ষিতে কোন সুনির্দিষ্ট ঘটিতব্য আচরণ এই ধারার পূর্ববর্তী বিধানসমূহ লঙ্ঘন করে কি না। পূর্ববর্তী অনুরোধসমূহে উল্লেখকৃত আচরণের আওতা-বহির্ভূত সুনির্দিষ্ট ঘটিতব্য আচরণ সম্পর্কে অতিরিক্ত মতামতের জন্য অ্যাটর্নি জেনারেল বরাবর অনুরোধ দাখিল করা যেতে পারে। এই ধারার প্রয়োগযোগ্য বিধানসমূহের অধীনে আনীত যে কোন কার্যকলাপের ক্ষেত্রে খণ্ডনযোগ্য অনুমিতি হবে এই যে, সেই আচরণ যার উল্লেখ ইস্যুকারীর অনুরোধে রয়েছে এবং যার জন্য অ্যাটর্নি জেনারেল মত প্রদান করেছেন যে এটি ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ, তা এই ধারার পূর্ববর্তী বিধানসমূহের সঙ্গে সঙ্গতিপূর্ণ। এ ধরণের অনুমিতি উপযুক্ত সাক্ষ্যপ্রমাণের উপস্থিতিতে খণ্ডিত হতে পারে। এই অনুচ্ছেদের উদ্দেশ্যসমূহের আওতায় অনুমিতিটি বিবেচনার ক্ষেত্রে আদালত কর্তৃক সংশ্লিষ্ট সকল উপাদান যাচাই করা হবে, যার অন্তর্ভুক্ত রয়েছে তবে যা এগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়, তা হলো অ্যাটর্নি

জেনারেল বারাবর দাখিলকৃত তথ্য সঠিক কিনা এবং তা অ্যাটর্নি জেনারেল কর্তৃক গৃহীত অনুরোধে উল্লেখ করা আচরণের আওতাভুক্ত কি না। অ্যাটর্নি জেনারেল এই অনুচ্ছেদ কর্তৃক আবশ্যকীয় প্রক্রিয়া বা পদ্ধতি টাইটেল 5 এর আওতাধীন অধ্যায় 5 এর উপ-অধ্যায় II –এর বিধানাবলী অনুযায়ী প্রতিষ্ঠা করবেন এবং সেই পদ্ধতি ঐ টাইটেল-এর অধ্যায় 7 এর বিধানাবলী কর্তৃক নিয়ন্ত্রণযোগ্য হবে।

(2) অনুচ্ছেদ (1) এর আওতায় প্রতিষ্ঠিত প্রক্রিয়ার অধীনে একজন ইস্যুকারী কর্তৃক পেশকৃত অনুরোধের প্রেক্ষিতে ডিপার্টমেন্ট অব জাস্টিস বা মার্কিন যুক্তরাষ্ট্রের অন্য যে কোন ডিপার্টমেন্ট বা এজেন্সি বরাবর প্রদত্ত, এগুলো কর্তৃক গৃহীত, বা প্রস্তুতকৃত যে কোন দলিল বা অন্য জিনিসপত্রাদির প্রকাশ, টাইটেল 5 এর ধারা 552 –এর আওতায় অব্যাহতিপ্রাপ্ত থাকবে এবং অ্যাটর্নি জেনারেল এ ধরণের অনুরোধে সাড়া প্রদান করেন কি না বা জবাবপ্রাপ্তির পূর্বেই ইস্যুকারী অনুরোধ প্রত্যাহার করেন কি না তা নির্বিশেষে, ইস্যুকারীর সম্মতি ব্যতিরেকে এগুলো জনসমক্ষে প্রাপ্য হবে না।

(3) অনুচ্ছেদ (1) এর আওতায় অ্যাটর্নি জেনারেল বরাবর অনুরোধ উপস্থাপনকারী যে কোন ইস্যুকারী তার অনুরোধের জবাবে অ্যাটর্নি জেনারেল কর্তৃক মতামত জারির পূর্বে এরূপ অনুরোধ প্রত্যাহার করতে পারেন। এরূপে প্রত্যাহাকৃত কোন অনুরোধের কোনরূপ প্রভাব বা কার্যকারিতা থাকবে না।

(4) এই ধারার পূর্ববর্তী বিধানসমূহ সংক্রান্ত ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতি সম্পর্কে সম্ভাব্য সর্বোচ্চ মাত্রায় সময়োচিত পরামর্শ অ্যাটর্নি জেনারেল সে সকল সম্ভাবনাময় রপ্তানীকারক ও ক্ষুদ্র ব্যবসাসমূহকে প্রদান করবেন যারা এ সব বিধান সম্পর্কিত বিষয়াদির ওপর বিশেষায়িত পরামর্শ লাভ করতে অসমর্থ হয়েছেন। এই ধারার পূর্ববর্তী বিধানসমূহ সংক্রান্ত ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতি অনুযায়ী সুনির্দিষ্ট ভবিতব্য আচরণের সঙ্গতিবিধান সম্পর্কে অনুচ্ছেদ (1) এর আওতায় জানানো অনুরোধের জবাব এবং এই ধারার পূর্ববর্তী বিধানসমূহের অধীনে সঙ্গতিবিধানের দায়িত্ব ও অনুদ্ভূত আর্থিক দায়-এর সাধারণ ব্যাখ্যার মধ্যেই এরূপ নির্দেশনা সীমাবধ থাকবে।

**(f) সংজ্ঞাসমূহ**

এই ধারার আওতায় ব্যবহারের ক্ষেত্রে:

(1) A) "বিদেশী কর্মকর্তা" বলতে বুঝায় কোন বিদেশী সরকার বা এর যে কোন ডিপার্টমেন্ট বা বিভাগ, এজেন্সি, বা তার অঙ্গ প্রতিষ্ঠান, অথবা সরকারী আন্তর্জাতিক সংগঠনের যে কোন কর্মকর্তা, অথবা এরূপ সরকার বা এর যে কোন ডিপার্টমেন্ট, এজেন্সি, বা তার অঙ্গ প্রতিষ্ঠানের জন্য বা তার পক্ষে দাপ্তরিক কর্তৃত্ব সহকারে কর্মরত যে কোন ব্যক্তি, বা সরকারী আন্তর্জাতিক সংগঠনের জন্য বা তার পক্ষে কর্মরত যে কোন ব্যক্তিকে।

(B) উপ-অনুচ্ছেদ (A)–এর আওতায় ব্যবহারের ক্ষেত্রে, "সরকারী আন্তর্জাতিক সংগঠন" বলতে বুঝায়--

(i) ইন্টারন্যাশনাল অর্গানাইজেশনস ইমিউনিটিজ অ্যাক্ট (International Organizations Immunities Act) (22 U.S.C. § 288) এর ধারা 1 অনুসারে নির্বাহী আদেশ দ্বারা নির্ধারিত কোন প্রতিষ্ঠান; অথবা

(ii) এই ধারার উদ্দেশ্য সাধনে প্রেসিডেন্ট কর্তৃক নির্বাহী আদেশবলে সুনির্দিষ্ট অন্য কোন আন্তর্জাতিক সংগঠন, যা ফেডারেল রেজিস্টারে এরূপ আদেশ প্রকাশের তারিখ হতে কার্যকর।

(2) (A) আচরণ, পরিস্থিতি, বা কোন পরিণতির প্রেক্ষিতে কোন ব্যক্তির মানসিক অবস্থা হবে "অবগত" যদি--

(i) এরূপ ব্যক্তি সচেতন থাকে যে এরূপ ব্যক্তি এই ধরণের আচরণে লিপ্ত, যে এরূপ পরিস্থিতি বিদ্যমান, অথবা যে এরূপ পরিণতি সুনিশ্চিতভাবে ঘটবে; অথবা

(ii) এরূপ ব্যক্তির দৃঢ় বিশ্বাস রয়েছে যে এ ধরণের পরিস্থিতি বিদ্যমান বা এরূপ পরিণতি সুনিশ্চিতভাবে ঘটবে।

(B) যখন বিশেষ কোন পরিস্থিতির অস্তিত্ব সম্পর্কে ধারণা কোন অপরাধ সংঘটনের ক্ষেত্রে আবশ্যক হয়, তাহলে এরূপ পরিস্থিতির অস্তিত্বের উচ্চ সম্ভাবনা সম্পর্কে কোন ব্যক্তি সচেতন থাকলে এই প্রকার ধারণার বিষয়টি প্রতিষ্ঠিত হয়, যদি না ব্যক্তিগতভাবে সে ব্যক্তি বিশ্বাস করেন যে এরূপ ঘটনা বিদ্যমান নেই।

(3) (A) "নিয়মতান্ত্রিক সরকারী পদক্ষেপ" কথাটি দ্বারা বুঝায় শুধুমাত্র এমন কোন কাজ যা সাধারণভাবে এবং সচরাচর একজন বিদেশী কর্মকর্তা কর্তৃক সম্পন্ন হয়--

(i) কোন ব্যক্তির বিদেশে ব্যবসা পরিচালনার যোগ্যতা অর্জনের জন্য অনুমতিপত্র, লাইসেন্স, বা অন্য কোন সরকারী দলিল সংগ্রহের ক্ষেত্রে;

(ii) ভিসা ও কার্যাদেশ (work orders) ইত্যাদি সরকারী কাগজপত্র প্রক্রিয়ার ক্ষেত্রে;

(iii) পুলিসি নিরাপত্তা প্রদান, ডাক সংগ্রহ ও বিলি, বা চুক্তির কার্যকারিতা সংক্রান্ত পরিদর্শন বা দেশব্যাপী মালামাল পরিবহণ সংশ্লিষ্ট পরিদর্শন নির্ধারণের ক্ষেত্রে;

(iv) টেলিফোন পরিষেবা প্রদান, বিদ্যুত্ ও পানি সরবরাহ, কার্গো বা মালামাল বোঝাই ও খালাস করা, অথবা পচনশীল উত্পাদন বা পণ্য নষ্ট হওয়া থেকে রক্ষা করার ক্ষেত্রে; অথবা

(v) একই প্রকৃতির কার্যকলাপসমূহ।

(B) "নিয়মতান্ত্রিক সরকারী পদক্ষেপ" কথাটি কোন বিশেষ পক্ষকে নতুন ব্যবসায়িক সুযোগ প্রদান করা বা পুরোনো কোন পক্ষের সাথে ব্যবসা অব্যাহত রাখা যায় কি না, বা কী শর্তে তা করা যায়, সে সম্পর্কে কোন বিদেশী কর্মকর্তা কর্তৃক কোনরূপ সিদ্ধান্ত, অথবা কোন বিশেষ পক্ষকে নতুন ব্যবসায়িক সুযোগ প্রদান করা বা পুরোনো কোন পক্ষের সাথে ব্যবসা অব্যাহত রাখার সিদ্ধান্ত উত্সাহিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত কোন বিদেশী কর্মকর্তার গৃহীত পদক্ষেপ অন্তর্ভুক্ত করে না।

### (g) বিকল্প এখতিয়ার

মার্কিন যুক্তরাষ্ট্রের, বা যুক্তরাষ্ট্রের কোন স্টেট, প্রশাসনিক অঞ্চল, অধিকৃত অঞ্চল, বা কমনওয়েলথ বা এগুলোর রাজনৈতিক উপবিভাগের আইনের আওতায় সংগঠিত এবং এই টাইটেল-এর ধারা 12 অনুসারে নিবন্ধিত শ্রেণিভুক্ত সিকিউরিটিজ রয়েছে অথবা এই টাইটেল-এর ধারা 15(d) অনুসারে যাদের প্রতিবেদন দাখিল করা আবশ্যক এরূপ যে কোন ইস্যুকারী, অথবা মার্কিন যুক্তরাষ্ট্রের যে কোন ব্যক্তি যিনি এরূপ ইস্যুকারীর বা তার পক্ষে কর্মরত স্টকহোল্ডারের কর্মকর্তা, ডিরেক্টর, কর্মচারী, বা এজেন্ট কর্তৃক মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে নীতিবহির্ভূতভাবে এমন কোন কাজ করা হলে, যা এই ধারার উপধারা (a)–এর (1), (2), এবং (3) অনুচ্ছেদে বর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহের কাউকে সেখানে বিবৃত উদ্দেশ্যে কোন আর্থিক সুবিধা প্রদান, অর্থ পরিশোধ, পরিশোধের অঙ্গীকার, বা পরিশোধের অনুমোদন, অথবা মূল্যবান কোন জিনিস সাধা, উপহার প্রদান, বা প্রদানের অঙ্গীকার, অথবা প্রদান অনুমোদন করার সহায়ক, তাহলে এরূপ ইস্যুকারীর বা তার পক্ষে কর্মরত কর্মকর্তা, ডিরেক্টর, কর্মচারী, এজেন্ট বা স্টকহোল্ডার এই আর্থিক সুবিধা প্রদান, উপহার অর্থ পরিশোধ, পরিশোধের অঙ্গীকার, বা পরিশোধের অনুমোদনের ক্ষেত্রে ডাক অথবা আন্তঃস্টেট বাণিজ্যের অন্য কোন মাধ্যম ব্যবহার করেছেন কি না তা নির্বিশেষে তা অবৈধ হবে।

(1) এই উপধারায় ব্যবহৃত "যুক্তরাষ্ট্রের কোন ব্যক্তি" বলতে বুঝায় মার্কিন যক্তরাষ্ট্রের একজন নাগরিক (ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্ট (8 U.S.C. § 1101)–এর ধারা 101–এ সংজ্ঞায়িত), অথবা যে কোন সংস্থা, অংশীদারী প্রতিষ্ঠান, সংঘ, জয়েন্ট স্টক কোম্পানি, ব্যবসায়িক ট্রাস্ট, কোম্পানি নয় এরূপ সংগঠন, অথবা একক মালিকানা প্রতিষ্ঠান, যা মার্কিন যুক্তরাষ্ট্রের, বা যুক্তরাষ্ট্রের কোন স্টেট, প্রশাসনিক অঞ্চল, অধিকৃত অঞ্চল, বা কমনওয়েলথ বা এগুলোর রাজনৈতিক উপবিভাগের আইনের আওতায় সংগঠিত।

### § 78dd-2. অভ্যন্তরীণ প্রতিষ্ঠান কর্তৃক নিষিদ্ধ বৈদেশিক বাণিজ্য অনুশীলন (a) নিষেধাজ্ঞা

এই টাইটেল-এর ধারা 78dd-1 দ্বারা নিয়ন্ত্রিত ইস্যুকারী ব্যতীত, যে কোন অভ্যন্তরীণ প্রতিষ্ঠান, বা এরূপ অভ্যন্তরীণ প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা, ডিরেক্টর, কর্মচারী, বা এজেন্ট, অথবা এরূপ অভ্যন্তরীণ প্রতিষ্ঠানের হয়ে কর্মরত তাদের যে কোন স্টকহোল্ডার কর্তৃক ডাক অথবা আন্তঃস্টেট বাণিজ্যের অন্য কোন মাধ্যম ব্যবহার করে নীতিবহির্ভূতভাবে এমন কোন কাজ করা হলে, যা নিম্নোক্তদেরকে কোন আর্থিক সুবিধা প্রদান, অর্থ পরিশোধ, পরিশোধের অঙ্গীকার, বা পরিশোধের অনুমোদন, অথবা মূল্যবান কোন জিনিস সাধা, উপহার প্রদান, বা প্রদানের অঙ্গীকার, অথবা প্রদান অনুমোদন করার ক্ষেত্রে সহায়ক, তা বেআইনী--

(1) যে কোন বিদেশী কর্মকর্তাকে নিম্নোক্ত উদ্দেশ্যে--

(A) (i) এরূপ বিদেশী কর্মকর্তার কোন কাজ বা সিদ্ধান্তকে তার দাপ্তরিক সক্ষমতার আওতায় প্রভাবিত করা, (ii) এরূপ বিদেশী কর্মকর্তার আইনসম্মত দাপ্তরিক কর্তব্য লঙ্ঘন করে কোন কাজ করতে বা করা থেকে বিরত থাকতে প্রভাবিত করা, অথবা (iii) কোন অসঙ্গত সুবিধা অর্জন করা; অথবা

(B) এরূপ বিদেশী কর্মকর্তার প্রভাবকে কাজে লাগিয়ে কোন বিদেশী সরকার বা তার কোন অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক সেই সরকার বা তার অঙ্গ প্রতিষ্ঠানের কোন কাজ বা সিদ্ধান্তকে বাঁধাগ্রস্ত বা প্রভাবিত করা,

যার লক্ষ্য হচ্ছে এরূপ অভ্যন্তরীণ প্রতিষ্ঠানকে কোন ব্যক্তির জন্য বা সঙ্গে ব্যবসার সুযোগ লাভ করা বা ধরে রাখা, বা ব্যবসাকে তার অভিমুখে পরিচালিত করতে সাহায্য করা;

(2) যে কোন বিদেশী রাজনৈতিক দল বা এর কর্মকর্তা অথবা বিদেশী রাজনৈতিক অফিসের কোন প্রার্থীকে নিম্নোক্ত উদ্দেশ্যে--

(A) (i) এরূপ রাজনৈতিক দল, কর্মকর্তা বা প্রার্থীর কোন কাজ বা সিদ্ধান্তকে তার দাপ্তরিক সক্ষমতার আওতায় প্রভাবিত করা, (ii) এরূপ দল, কর্মকর্তা বা প্রার্থীকে তার আইনসম্মত দাপ্তরিক কর্তব্য লঙ্ঘন করে কোন কাজ করতে বা করা থেকে বিরত থাকতে প্রভাবিত করা, অথবা (iii) কোন অসঙ্গত সুবিধা অর্জন করা; অথবা

(B) এরূপ দল, কর্মকর্তা বা প্রার্থীর প্রভাবকে কাজে লাগিয়ে কোন বিদেশী সরকার বা তার কোন অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক সেই সরকার বা তার অঙ্গ প্রতিষ্ঠানের কোন কাজ বা সিদ্ধান্তকে বাঁধাগ্রস্ত বা প্রভাবিত করা,

যার লক্ষ্য হচ্ছে এরূপ অভ্যন্তরীণ প্রতিষ্ঠানকে কোন ব্যক্তির জন্য বা সঙ্গে ব্যবসার সুযোগ লাভ করা বা ধরে রাখা, বা ব্যবসাকে তার অভিমুখে পরিচালিত করতে সাহায্য করা;

(3) এরূপ অর্থ বা মূল্যবান বস্তুর সম্পূর্ণ বা অংশবিশেষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন বিদেশী কর্মকর্তা, বিদেশী রাজনৈতিক দল বা এর কর্মকর্তা, অথবা বিদেশী রাজনৈতিক অফিসের কোন প্রার্থীকে সাধা হবে, প্রদান করা হবে, বা প্রদানের অঙ্গীকার করা হবে জেনেও এরূপ কোন ব্যক্তিকে নিম্নোক্ত উদ্দেশ্যে--

(A) (i) এরূপ বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীর কোন কাজ বা সিদ্ধান্তকে তার দাপ্তরিক সক্ষমতার আওতায় প্রভাবিত করা, (ii) এরূপ বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীকে তার বৈধ দাপ্তরিক কর্তব্য লঙ্ঘন করে কোন কাজ করতে বা করা থেকে বিরত থাকতে প্রভাবিত করা, অথবা (iii) কোন অসঙ্গত সুবিধা অর্জন করা; অথবা

(B) এরূপ বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীর প্রভাবকে কাজে লাগিয়ে কোন বিদেশী সরকার বা তার কোন অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক সেই সরকার বা তার অঙ্গ প্রতিষ্ঠানের কোন কাজ বা সিদ্ধান্তকে বাঁধাগ্রস্ত বা প্রভাবিত করা,

যার লক্ষ্য হচ্ছে এরূপ অভ্যন্তরীণ প্রতিষ্ঠানকে কোন ব্যক্তির জন্য বা সঙ্গে ব্যবসার সুযোগ লাভ করা বা ধরে রাখা, বা ব্যবসাকে তার অভিমুখে পরিচালিত করতে সাহায্য করা।

**(b) নিয়মতান্ত্রিক সরকারী পদক্ষেপের ব্যতিক্রম**

কোন বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, বা দলীয় কর্মকর্তাকে অর্থ প্রদান সহজতর করা বা ত্বরান্বিত করার ক্ষেত্রে এই ধারার উপধারা (a) ও (i) প্রযোজ্য হবে না যদি তার উদ্দেশ্য হয় বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, বা দলীয় কর্মকর্তা কর্তৃক কোন নিয়মিত সরকারী পদক্ষেপ সম্পাদন ত্বরান্বিত বা সুনিশ্চিত করা।

**(c) Affirmative defenses বা সম্মতিসূচক প্রতিরক্ষা** এই ধারার উপধারা (a) ও (i) এর আওতায়

কৃত কর্মের জন্য সম্মতিসূচক প্রতিরক্ষা হিসেবে নিম্নোক্ত বিষয়সমূহ কাজ করবে--

(1) প্রদান করা অর্থ, উপহার, সুযোগ বা কোন মূল্যবান বস্তু প্রদানের অঙ্গীকার বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থীর নিজ দেশের আইন ও প্রবিধান অনুযায়ী বৈধ হয়ে থাকলে; অথবা

(2) প্রদান করা অর্থ, উপহার, সুযোগ বা কোন মূল্যবান বস্তু প্রদানের অঙ্গীকার বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলীয় কর্মকর্তা, বা প্রার্থী কর্তৃক বা তার পক্ষে মেটানো একটি ন্যায়সঙ্গত ও প্রকৃত ব্যয় হয়ে থাকলে, যেমন ভ্রমণ ও অবস্থান ব্যয়, এবং তা প্রত্যক্ষভাবে নিম্নের বিষয়গুলোর সঙ্গে সম্পর্কযুক্ত থাকলে--

(A) পণ্য বা পরিষেবার প্রসার, প্রদর্শন, বা ব্যাখ্যা; অথবা

(B) কোন বিদেশী সরকার বা তার কোন এজেন্সির সঙ্গে চুক্তি সম্পাদন বা এর কার্যক্রম।

### (d) নিবারাজ্ঞা বিমোচন (Injunctive relief)

(1) অ্যাটর্নি জেনারেল-এর নিকট যখন এমন প্রতীয়মান হবে যে, যে কোন অভ্যন্তরীণ প্রতিষ্ঠান যার জন্য এই ধারাটি প্রযোজ্য, অথবা এর কর্মকর্তা, ডিরেক্টর, কর্মচারী, এজেন্ট, বা স্টকহোল্ডার, এই ধারার উপধারা (a) বা (i) এর লঙ্ঘনকারী যে কোন কর্ম বা অনুশীলনে নিয়োজিত থাকে, বা নিয়োজিত হওয়ার জন্য প্রস্তুত থাকে, তখন অ্যাটর্নি জেনারেল, তার ক্ষমতাবলে, এরূপ কর্ম বা অনুশীলন আইনগতভাবে প্রতিরোধে, মার্কিন যুক্তরাষ্ট্রের কোন উপযুক্ত ডিস্ট্রিক্ট কোর্টে দেওয়ানি ব্যবস্থা গ্রহণ করতে পারেন, এবং ঘটনাবলীর যথাযথ উপস্থাপনা সাপেক্ষে, একটি স্থায়ী নিবারাজ্ঞা অথবা একটি অস্থায়ী বিরতির আদেশ কোনরূপ মুচলেকা ছাড়াই জারি করা হবে।

(2) অ্যাটর্নি জেনারেলের মতানুসারে এই ধারা প্রয়োগের স্বার্থে দরকারী এবং যথাযথ কোন দেওয়ানি তদন্তের প্রয়োজনে, অ্যাটর্নি জেনারেল বা তার মনোনীত ব্যক্তি শপথ ও প্রতিজ্ঞা পাঠ করানো, সাক্ষীদের তলবনামা প্রেরণ, সাক্ষ্য গ্রহণ, এবং এমন যে কোন খতিয়ান, কাগজপত্র, বা অন্যান্য দলিল উপস্থাপনের জন্য তলব করার ক্ষমতাপ্রাপ্ত যা অ্যাটর্নি জেনারেল এরূপ তদন্তের খাতিরে প্রাসঙ্গিক বা তাত্পর্যপূর্ণ বলে মনে করেন। মার্কিন যুক্তরাষ্ট্রের, বা যুক্তরাষ্ট্রের কোন প্রশাসনিক অঞ্চল, অধিকৃত অঞ্চল, বা কমনওয়েলথ-এর যে কোন স্থান হতে শুনানির জন্য নির্ধারিত যে কোন স্থানে সাক্ষীগণের হাজিরা প্রদান এবং দলিল-পত্রাদি উপস্থাপন করা আবশ্যক হতে পারে।

(3) কোন ব্যক্তি কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞা করলে, বা তার প্রতি জারিকৃত তলবনামা পালনে অস্বীকৃতি জ্ঞাপণ করলে, অ্যাটর্নি জেনারেল সাক্ষীদের হাজিরা ও সাক্ষ্য প্রদান এবং যে কোনখতিয়ান, কাগজপত্র, বা অন্যান্য দলিল উপস্থাপনের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের এরূপ যে কোন আদালতের আশ্রয় প্রার্থনা করতে পারেন যার এরূপ তদন্ত ও মামলা পরিচালনার এখতিয়ার রয়েছে, বা যেখানে এরূপ ব্যক্তি বসবাস করেন বা ব্যবসা পরিচালনা করেন। এরূপ ব্যক্তিকে অ্যাটর্নি জেনারেল বা তার মনোনীত ব্যক্তির সম্মুখে হাজির হওয়ার, সেখানে রেকর্ড উপস্থাপন করার আদেশ থাকলে তা করার, এবং তদন্তাধীন বিষয় সংশ্লিষ্ট সাক্ষ্য প্রদান করার নির্দেশ দিয়ে এরূপ যে কোন আদালত একটি আদেশ জারি করতে পারেন। আদালতের এরূপ আদেশ পালনে যে কোন রকম ব্যর্থতা আদালত অবমাননা হিসেবে গণ্য হবে এবং এরূপ আদালত কর্তৃক শাস্তিযোগ্য হবে।

এরূপ মামলার সকল প্রক্রিয়া ঐ বিচারিক ডিস্ট্রিক্ট-এ সম্পন্ন হতে পারে যেখানে এরূপ ব্যক্তি বসবাস করেন বা যেখানে তাকে পাওয়া যায়। এই উপধারার বিধানসমূহ বাস্তবায়নের জন্য দরকারী বা যথাযথ প্রতীয়মান হয় দেওয়ানি তদন্তসমূহ সংক্রান্ত এরূপ যে কোন বিধি অ্যাটর্নি জেনারেল তৈরি করতে পারেন।

### (e) অ্যাটর্নি জেনারেল-এর নির্দেশাবলী

অগাস্ট 23, 1988-এর অনধিক ছয় মাসের মধ্যে কমিশন, সেক্রেটারি অব কমার্স, ইউনাইটেড স্টেটস ট্রেড রেপ্রিজেন্টেটিভ, সেক্রেটারি অব স্টেট, এবং সেক্রেটারি অব ট্রেজারি'র সঙ্গে পরামর্শক্রমে, এবং গণবিজ্ঞপ্তি ও মন্তব্য প্রক্রিয়ার মাধ্যমে স্বার্থসংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গের মতামত গ্রহণপূর্বক, অ্যাটর্নি জেনারেল নির্ধারণ করবেন এই ধারার অনুসরণের বিষয়টি কতটা বর্ধিত করা হবে এবং এই ধারার পূর্ববর্তী বিধানসমূহের অতিরিক্ত ব্যাখ্যা প্রদানের মাধ্যমে ব্যবসায়ী সম্প্রদায়কে কতটা সহায়তা করা হবে এবং তিনি এরূপ নির্ধারণের ওপর ভিত্তি করে এবং প্রয়োজনীয় ও উপযুক্ত মাত্রায়, জারি করতে পারেন--

(1) রপ্তানী বিক্রয় ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট সুনির্দিষ্ট প্রকারের আচরণ বর্ণনাকারী নির্দেশাবলী, যা ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ নীতির খাতিরে এই ধারার পূর্ববর্তী বিধানসমূহকে অনুসরণ করে হতে হবে বলে অ্যাটর্নি জেনারেল নির্ধারণ করেন; এবং

(2) এই ধারায় পূর্ববর্তীতে বর্ণিত ব্যবস্থা সম্পর্কে ডিপার্টমেন্ট অব জাস্টিসের বর্তমান প্রয়োগ-নীতি স্বেচ্ছায় মেনে চলার জন্য অভ্যন্তরীণ সংস্থাগুলো যে সকল সাধারণ পূর্বসতর্কতামূলক পদ্ধতি গ্রহণ করতে পারে।

অ্যাটর্নি জেনারেল, টাইটেল 5 অধ্যায় 5, উপ অধ্যায় II-এর নির্দেশনা অনুযায়ী পূর্ববর্তী বাক্যে উল্লেখিত নির্দেশনা এবং পদ্ধতি সরবরাহ করবেন, এবং সেই পদ্ধতিগুলি সেই টাইটেলের অধ্যায় 7-এর শর্তাধীন থাকবে।

**(f) অ্যাটর্নি জেনারেলের মতামত**

(1) অ্যাটর্নি জেনারেল, যুক্তরাষ্ট্রের যথাযথ ডিপার্টমেন্ট এবং সংস্থার সাথে পরামর্শের পর, আগ্রহী সকল ব্যক্তির মতামত উন্মুক্ত বিজ্ঞপ্তি এবং মন্তব্য প্রক্রিয়ার মাধ্যমে সংগ্রহ করার পর, এই ধারায় পূর্ববর্তীতে উল্লেখিত ব্যবস্থা সম্পর্কে অভ্যন্তরীণ সংস্থা কর্তৃক ডিপার্টমেন্ট অব জাস্টিসের বর্তমান প্রয়োগ-নীতি মেনে চলা-সম্পর্কিত সুনির্দিষ্ট প্রশ্নের উত্তর দেয়ার পদ্ধতি নির্ধারণ করে দিবে। অ্যাটর্নি জেনারেল, এ ধরনের অনুরোধ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে, অনুরোধের উপর একটি মতামত দিবেন। এই মতামতে ডিপার্টমেন্ট অব জার্স্টিসের বর্তমান প্রয়োগিক নীতির বিষয়ে, এই সুনির্দিষ্ট সম্ভাব্য আচরণ পূর্ববর্তীতে এই ধারায় উল্লেখিত নির্দেশনা ভঙ্গ করে কি-না, তা উল্লেখ করা থাকবে। অ্যাটর্নি জেনারেলের কাছে অন্যান্য সুনির্দিষ্ট সম্ভাব্য আচরণ যা পূর্ববর্তী অনুরোধে বর্ণিত আচরণের আওতার বাইরে, সে সম্পর্কে মতামতের জন্য অতিরিক্ত অনুরোধ জানানো যেতে পারে। এই ধারার কোন প্রযোজ্য ব্যবস্থায় যে কোন মামলা আনীত হলে, একটি খণ্ডনীয় অনুমান থাকতে হবে যে, যে-আচরণের কথা অভ্যন্তরীণ সংস্থার অনুরোধে উল্লেখ করা হয়েছে এবং যেটির জন্য অ্যাটর্নি জেনারেল মতামত দিয়েছেন, সে ধরনের আচরণ ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগিক নীতি মেনে চলে, এবং তা এই ধারায় পূর্ববর্তীতে বর্ণিত ব্যবস্থার সাথে সঙ্গতিপূর্ণ। এ ধরনের পূর্বানুমান সাক্ষ্যপ্রমাণের উপর পূর্বচিন্তাভাবনা দ্বারা খণ্ডন করা যেতে পারে। এই অনুচ্ছেদের ক্ষেত্রে পূর্বানুমান বিবেচনার জন্য, আদালত সকল প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করবে, যেমন অ্যাটর্নি জেনারেল-এর কাছে দাখিল করা তথ্য সঠিক এবং পরিপূর্ণ ছিল কি-না, এবং অ্যাটর্নি জেনারেল কর্তৃক প্রাপ্ত কোন অনুরোধের বর্ণিত কার্যপরিধির মধ্যে তা ছিল-কিনা; তবে এই বিবেচনা এই বিষয়গুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। অ্যাটর্নি জেনারেল এই অনুচ্ছেদের চাহিদা অনুযায়ী টাইটেল 5-এর অধ্যায় 5-এর উপ অধ্যায় II-এর নির্দেশনা অনুযায়ী, পদ্ধতি নির্ধারণ করে দিবেন এবং সেই পদ্ধতি সেই টাইটেলের 7 অধ্যায়ের নির্দেশনা অনুযায়ী স্থাপন করা হবে।

(2) অনুচ্ছেদ (1)অনুযায়ী নির্ধারিত পদ্ধতির অধীনে অভ্যন্তরীণ সংস্থার কোন অনুরোধের বিষয়ে ডিপার্টমেন্ট অব জাস্টিস অথবা যুক্তরাষ্ট্রের অন্য কোন ডিপার্টমেন্ট বা সংস্থাকে দেয়া বা তাদের প্রাপ্ত, প্রস্তুতকৃত কোন দলির বা অন্য কোন বিষয়বস্তু, টাইটলে 5-এর ধারা 552 এর অধীনে প্রকাশের বিষয়ে অব্যাহতি লাভ করবে এবং অভ্যন্তরীণ সংস্থার অনুমতি ব্যতীত তা প্রকাশ্যে উপলভ্য করা যাবে না, অ্যাটর্নি জেনারেল এ ধরনের অনুরোধের সাড়া প্রদান করেন বা না করেন, অথবা অভ্যন্তরীণ সংস্থা সাড়া পাওয়ার আগেই এ ধরনের অনুরোধ প্রত্যাহার করে নিক বা না নিক।

(3) যে কোন অভ্যন্তরীণ সংস্থা, যেটি অনুচ্ছেদ (1)এর অধীনে অ্যাটর্নি জেনারেলের কাছে অনুরোধ জানিয়েছে, সেক্ষেত্রে অ্যাটর্নি জেনারেল এ ধরনের অনুরোধের উত্তরে মতামত প্রকাশের সময়ের আগেই, তারা এ ধরনের অনুরোধ প্রত্যাহার করে নিতে পারে। প্রত্যাহারকৃত যে-কোন অনুরোধের কোন কার্যকারিতা বা ফলাফল বহাল থাকবে না।

(4) অ্যাটর্নি জেনারেল, সর্বোচ্চ যতটুকু সম্ভব, এই ধারায় পূর্ববর্তীতে উল্লেখিত ব্যবস্থা সম্পর্কে ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রায়োগিক নীতির বিষয়ে, সম্ভাব্য রফতানীকারক এবং ক্ষুদ্র ব্যবসা যেগুলি এ ধরনের ব্যবস্থা সম্পর্কে বিশেষায়িত উপদেশ পেতে সমর্থ হয় নাই, তাদেরকে যথাসময়ে নির্দেশনা প্রদান করবেন। এ ধরনের নির্দেশনা, এই ধারায় পূর্ববর্তীতে বর্ণিত ব্যবস্থা এবং মান্যতার দায়িত্বের সাধারণ ব্যাখ্যা এবং এই ধারায় পূর্ববর্তীতে বর্ণিত দায়-দেনা সংক্রান্ত ডিপার্টমেন্ট অব জাস্টিস-এর বর্তমান প্রয়োগ-নীতিকে বর্ণিত সম্ভাব্য আচরণের মান্যতা সম্পর্কে, উপ-অনুচ্ছেদ (1)-এর অধীনের অনুরোধের প্রতি উত্তরের মধ্যে সীমিত থাকবে।

**(g) দন্ড**

(1) (A) যে কোন অভ্যন্তরীণ সংস্থা যেটি কোন স্বাভাবিক ব্যক্তি নয় এবং যে এই ধারার উপধারা (a) অথবা (i) লংঘন করে, তাকে অনধিক $2,000,000- দন্ড দেয়া হবে।

(B) যে কোন অভ্যন্তরীণ সংস্থা, যেটি কোন স্বাভাবিক ব্যক্তি নয়, এবং এই ধারার উপধারা (a) অথবা (i) লংঘন করে, তাকে অ্যাটর্নি জেনারেল কর্তৃক আনীত মামলায় অনধিক $10,000 দেওয়ানি দন্ড দেয়া হবে।

(2) (A) যে কোন স্বাভাবিক ব্যক্তি যিনি অভ্যন্তরীণ সংস্থার একজন কর্মকর্তা, পরিচালক, কর্মী অথবা প্রতিনিধি, অথবা এ ধরনের অভ্যন্তরীণ সংস্থার পক্ষে কর্মরত স্টক হোল্ডার, যিনি ইচ্ছাকৃতভাবে এই ধারার উপধারা (a) অথবা (i) লংঘন করেন, তাকে অনধিক $100,000 জরিমানা দন্ড প্রদান করা হবে অথবা অনধিক 5 বছরের কারাদন্ড দেয়া হবে, অথবা উভয়ই দন্ড প্রযোজ্য হবে।

(B) যে কোন স্বাভাবিক ব্যক্তি যিনি অভ্যন্তরীণ সংস্থার একজন কর্মকর্তা, পরিচালক, কর্মী অথবা প্রতিনিধি, অথবা এ ধরনের অভ্যন্তরীণ সংস্থার পক্ষে কর্মরত স্টক হোল্ডার, যিনি ইচ্ছাকৃতভাবে এই ধারার উপধারা (a) অথবা (i) লংঘন করে, তাকে অ্যাটর্নি জেনারেলের কর্তৃক আনীত মামলায় অনধিক $10,000 দেওয়ানি দন্ড দেয়া হবে।

(3) অনুচ্ছেদ (2) অনুযায়ী অভ্যন্তরীণ সংস্থার কর্মকর্তা, পরিচালক, কর্মী, প্রতিনিধি অথবা অভ্যন্তরীণ সংস্থার কোন স্টক হোল্ডারকে যখন কোন জরিমানা দন্ড দেয়া হয়, তখন সেই জরিমানা, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, এ ধরনের অভ্যন্তরীণ সংস্থা প্রদান করতে পারবে না।

**(h) সংজ্ঞা**

এই ধারায়:

(1) “অভ্যন্তরীণ সংস্থা” বলতে বোঝায় --

(A) ব্যক্তি যিনি যুক্তরাষ্ট্রের নাগরিক, যুক্তরাষ্ট্রের জাতীয়তার,অথবা যুক্তরাষ্ট্রে বসবাসকারী; এবং

(B) যে কোন করপোরেশন, অংশীদারী প্রতিষ্ঠান, সংঘ, জয়েন্ট-স্টক কোম্পানী, ব্যবসায়িক ট্রাস্ট, নিগমবন্ধনহীন সংস্থা, অথবা একক মালিকানাধীন ব্যবসা, যার মূল ব্যবসাস্থল হচ্ছে যুক্তরাষ্ট্রে, অথবা যেটি যুক্তরাষ্ট্রের একটি স্টেট বা এলাকা, অধীন এলাকা অথবা যুক্তরাষ্ট্রের কমনওয়েলথের আইনের অধীনে পরিচালিত।

(2) (A) “বিদেশী কর্মকর্তা” কথাটির অর্থ হচ্ছে একটি বিদেশী সরকারের অথবা কোন সরকারি আন্তর্জাতিক সংস্থার অথবা যে কোন ডিপার্টমেন্ট, সংস্থার যে কোন কর্মকর্তা অথবা কর্মী, অথবা তাদের কারকত্ব, অথবা এ ধরনের সরকার, ডিপার্টমেন্ট, সংস্থা বা তার কারকত্বের পক্ষে, বা এ ধরনের সরকারি আন্তর্জাতিক সংস্থায় দাপ্তরিক পদে কর্মরত কোন ব্যক্তি।

(B) উপ-অনুচ্ছেদ (A)-র উদ্দেশ্যে “সরকারি আন্তর্জাতিক সংস্থার” অর্থ হচ্ছে --

(i) ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ইমিউনিটিজ অ্যাক্ট (22 U.S.C. § 288)-এর ধারা 1 অনুসারে নির্বাহী আদেশ বলে চিহ্নিত কোন সংস্থা; অথবা

(ii) অন্য যে কোন আন্তর্জাতিক সংস্থা যেটিকে এই ধারার উদ্দেশ্যে, প্রেসিডেন্টের নির্বাহী আদেশ দ্বারা চিহ্নিত করা হয়েছে এবং ফেডারেল রেজিস্টারে এই আদেশ প্রকাশের তারিখ হতে যা কার্যকর হয়েছে।

(3) (A) একজন ব্যক্তির মনের অবস্থা তার আচরণ, পরিস্থিতি, অথবা ফলাফল সম্পর্কে “জ্ঞাত” যদি--

(i) এই ব্যক্তি অবগত থাকনে যে, তিনি ঐ ধরনের আচরণ করছেন, যে ঐ ধরনের পরিস্থিতি বিদ্যমান আছে, অথবা ঐ ধরনের ফলাফল প্রায় নিশ্চিতভাবে ঘটবে; অথবা

(ii) এই ধরনের ব্যক্তির মধ্যে দৃঢ় বিশ্বাস আছে যে, ঐ ধরনের পরিস্থিতি বিদ্যমান রয়েছে অথবা ঐ ধরনের ফলাফল প্রায় নিশ্চিতভাবে ঘটবে।

(B) যখন কোন অপরাধের জন্য নির্দিষ্ট পরিস্থিতির জ্ঞান থাকা বাধ্যতামূলক, এ ধরনের জ্ঞান রয়েছে বলে ধরা হয় যদি এ ধরনের পরিস্থিতি থাকার উচ্চ সম্ভাবনা সম্পর্কে ব্যক্তি সচেতন থাকেন, যদি না ব্যক্তি প্রকৃতভাবেই বিশ্বাস করেন যে এ ধরনের পরিস্থিতি বিরাজমান নেই।

(4) (A) "নিয়মিত সরকারি ব্যবস্থা" কথাটি বলতে শুধুমাত্র এমন একটি ব্যবস্থাকে বোঝায় যা একজন বিদেশী কর্মকর্তা নিয়মিতভাবে এবং সাধারণত গ্রহণ করে থাকেন যা দ্বারা --

(i) পারমিট, লাইসেন্স, অথবা বিদেশে ব্যবসা করার যোগ্যতা লাভের জন্য অন্য কোন কাগজপত্র যা কোন ব্যক্তি ব্যবসা করার যোগ্যতা লাভের জন্য সংগ্রহ করা যায়;

(ii) সরকারি কাগজপত্র প্রক্রিয়াকরণ করা যায়, যেমন ভিসা এবং কার্যাদেশ;

(iii) পুলিশি নিরাপত্তা প্রদান করা যায়, ডাক সংগ্রহ এবং পৌঁছানো যায়, অথবা ঠিকাচুক্তি সম্পাদনের জন্য সংশ্লিষ্ট পরিদর্শন করা যায় অথবা দেশব্যাপী মালামালের ট্রানজিট সংক্রান্ত পরিদর্শনের ব্যবস্থা করা যায়;

(iv) ফোন পরিষেবা, বিদ্যুত এবং পানি সরবরাহ, মালামাল ভরা ও খালাস, অথবা পচনশীল পণ্যের, খাদ্যদ্রব্যের সুরক্ষার ব্যবস্থা করা যায়; অথবা

(v) তদ্রুপ প্রকৃতির ব্যবস্থা গ্রহণ করা যায়।

(B) বিদেশী কর্মকর্তা কর্তৃক কোন নতুন ব্যবসা প্রদানের ব্যবস্থা অথবা নির্দিষ্ট কোন পক্ষের সাথে ব্যবসা অব্যাহত রাখা, অথবা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিদেশী কর্মকর্তা কর্তৃক কোন নির্দিষ্ট পক্ষকে নূতন ব্যবসা দেয়া বা অব্যাহত রাখার সিদ্ধান্তে উত্সাহ প্রদান করার কোন সিদ্ধান্ত, তা যে কোন শর্তাধীন হোক না কেন, "নিয়মিত সরকারি ব্যবস্থা"-র অন্তর্ভুক্ত নয়।

(5) "আন্তঃস্টেট বাণিজ্য" বলতে অনেক স্টেটের মধ্যে, অথবা বিদেশের সাথে যুক্তরাষ্ট্রের কোন স্টেটের অথবা যে কোন স্টেট এবং যে কোন স্থানের মধ্যে বা এর বাইরে জাহাজের মধ্যে ব্যবসা বাণিজ্য, পরিবহন অথবা যোগাযোগকে বোঝায়, এবং পরবর্তী এই জিনিসগুলির আন্তঃস্টেট ব্যবহার এই কথাটির অন্তর্ভুক্ত থাকবে--

(A) টেলিফোন অথবা যোগাযোগের আন্তঃস্টেট মাধ্যম, অথবা

(B) যে কোন আন্তঃস্টেট কারকত্ব।

**(i) বিকল্প এখতিয়ার**

(1) উপধারা (a)-এর অনুচ্ছেদ (1), (2), এবং (3) দ্বারা নির্ধারিত উদ্দেশ্যে, এবং এর বিবরণ অনুযায়ী কোন ব্যক্তি বা সত্বাকে, যুক্তরাষ্ট্রের বাইরে, কোন প্রস্তাব, অর্থ পরিশোধ, অর্থ পরিশোধের প্রতিশ্রুতি অথবা প্রস্তাব, উপঢৌকন প্রদানের প্রতিশ্রুতি অথবা কোন ব্যক্তিকে কোন মূল্যবান কিছু দেয়ার জন্য অর্থ পরিশোধের অনুমোদন দেয়ার কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রের কোন ব্যক্তি কর্তৃক দুর্নীতিমূলক কাজও অবৈধ হবে, যুক্তরাষ্ট্রের সেই ব্যক্তি এই প্রস্তাব, উপঢৌকন, অর্থ পরিশোধ, প্রতিশ্রুতি বা অনুমতি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ডাক ব্যবহার করে থাকুক অথবা অন্য কোন পন্থায় অথবা আন্তঃস্টেট বাণিজ্যের যে কোন কারকত্ব ব্যবহার করে থাকুক না কেন।

(2) এই উপধারায় যেমনটা ব্যবহৃত হয়েছে, "যুক্তরাষ্ট্রের ব্যক্তি" বলতে যুক্তরাষ্ট্রের জাতীয়তার ব্যক্তিকে বোঝায় (যেমনটা ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি আইনের (8 U.S.C. § 1101)) 101 ধারায় বলা হয়েছে), অথবা যে কোন করপোরেশন, অংশীদারী ব্যবস্থা, অ্যাসোসিয়েশন, জয়েন্ট-স্টক কোম্পানী, ব্যবসায়িক ট্রাস্ট, নিগমবন্ধনহীন সংস্থা, অথবা এক মালিকানাধীন ব্যবসা, যা যুক্তরাষ্ট্র বা এর যে কোন স্টেট, অঞ্চল, মালিকানাধীন অথবা যুক্তরাষ্ট্রের কমনওয়েলথ, অথবা এর রাজনৈতিক উপবিভাগের আইন দ্বারা গঠিত।

**§ 78dd-3.** ইস্যুকারী অথবা অভ্যন্তরীণ সংস্থা ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক নিষিদ্ধ বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যবস্থা

**(a) নিষেধাজ্ঞা**

১৯৩৪ সালের সিকিউরিটিজ এক্সচেঞ্জ আইনের 30A সাপেক্ষে, ইস্যুকারী ব্যাতীত অন্য কোন ব্যক্তি বা অভ্যন্তরীণ সংস্থা কর্তৃক (যেমনটা এই আইনের 104 ধারায় সংজ্ঞায়িত হয়েছে), বা যে কোন কর্মকর্তা, পরিচাকল, কর্মী অথবা ঐধরনের ব্যক্তির প্রতিনিধি অথবা তার পক্ষে কর্মরত স্টক হোল্ডার কর্তৃক, যুক্তরাষ্ট্রের এলাকাতে অবস্থানরত অবস্থায়, দুর্নীতিপূর্ণভাবে ডাক বা অন্য কোন মাধ্যমে বা আন্তঃস্টেট বাণিজ্যের কারকন্ত্রের ব্যবহারপূর্বক অথবা কোন প্রস্তাব, অর্থ পরিশোধ, অর্থ পরিশোধের প্রতিশ্রুতি, অথবা যে কোন অর্থ পরিশোধের অনুমোদন, অথবা প্রস্তাব, উপঢৌকন, প্রদানের প্রতিশ্রুতি অথবা মূল্যবান কোন কিছু পরবর্তী কাউকে প্রদানের অনুমতি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য--

(1) যে কোন বিদেশী কর্মকর্তাকে, পরবর্তী উদ্দেশ্যে –

(A) (i) সেই বিদেশী কর্মকর্তার তার পদাধিকারে বলে, তার কোন পদক্ষেপ বা সিদ্ধান্তকে প্রভাবান্বিত করার জন্য (ii) সেই বিদেশী কর্মকর্তার বৈধ দায়িত্ব লংঘন করে, তাকে কোন কিছু করা বা না করা থেকে বিরত রাখার জন্য প্রভাবান্বিত করা, অথবা (iii) কোন প্রকার অন্যায় সুবিধা নিশ্চিত করার জন্য; অথবা

(B) কোন বিদেশী সরকার বা তার কারকন্ত্রের উপর তার প্রভাব ব্যবহার করার জন্য বিদেশী কর্মকর্তাকে প্রভাবান্বিত করা যাতে এ দ্বারা ঐ সরকারের অথবা তার বাহকের কোন ব্যবস্থা বা সিদ্ধান্ত প্রভাবান্বিত হয়,

যাতে ঐ ব্যক্তিকে ব্যবসা পাওয়া বা সংরক্ষণ করায় সহায়তা করা যায়, অথবা যে কোন ব্যক্তিকে, ব্যবসা দেয়া যায়;

(2) কোন বিদেশী রাজনৈতিক দল বা তার কর্মকর্তাকে অথবা বিদেশী কোন রাজনৈতিক দপ্তরের কোন প্রার্থীকে, পরবর্তী এই উদ্দেশ্যে--

(A) (i) ঐ দল, কর্মকর্তা অথবা প্রার্থীকে তার দাপ্তরিক পদাধিকার বলে, কোন ব্যবস্থা বা সিদ্ধান্তকে প্রভাবান্বিত করা (ii) এ ধরনের দল, কর্মকর্তা বা প্রার্থীকে তার বৈধ দায়িত্ব লংঘন করে কোন কিছু করা বা না করা থেকে বিরত রাখার উদ্দেশ্যে দল, কর্মকর্তা বা প্রার্থীকে প্রভাবান্বিত করা, অথবা (iii) অন্যান্য সুবিধা নিশ্চিত করা; অথবা

(B) এ ধরনের দল, কর্মকর্তা বা প্রার্থী দিয়ে কোন বিদেশী সরকারের বা কারকন্ত্রের কোন ব্যবস্থা বা সিদ্ধান্ত বা কারকন্ত্রকে প্রভাবান্বিত করার জন্য তাদের উপর প্রভাব বিস্তার করা

যাতে ঐ ব্যক্তিকে ব্যবসা পাওয়া বা সংরক্ষণ করার সহয়তা করা যায়, অথবা যে কোন ব্যক্তিকে, ব্যবসা দেয়া যায়; অথবা

(3) যে কোন ব্যক্তি, যিনি অবহিত যে, পরবর্তী কোন উদ্দেশ্যে, বিদেশী কর্মকর্তাকে অথবা কোন বিদেশী রাজনৈতিক দল বা তার কর্মকর্তাকে অথবা কোন বিদেশী রাজনৈতিক দপ্তরের প্রার্থীকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, এ ধরনের পূর্ণ বা আংশিক ভাবে অর্থ, বা মূল্যবান জিনিশের প্রস্তাব দেয়া হবে, বা প্রতিশ্রুতি দেয়া হবে --

(A) (i) এ ধরনের বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলের কর্মকর্তা, অথবা প্রার্থীকে তার পদাধিকার বলে কোন কাজ বা সিদ্ধান্তকে প্রভাবান্বিত করা, (ii) এ ধরনের বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলের কর্মকর্তা, অথবা প্রার্থীকে এ ধরনের বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলের কর্মী অথবা প্রার্থীর বৈধ কর্তব্য লংঘন করে কোন কাজ করা বা না করা থেকে বিরত থাকার জন্য প্রভাবান্বিত করা , অথবা (iii) যে কোন অবৈধ সুবিধা নিশ্চিত করা; অথবা

(B) এ ধরনের বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলের কর্মকর্তা অথবা প্রার্থীকে প্রভাবান্বিত করে, বিদেশী সরকার বা কারকন্ত্রের উপর তার প্রভাব বিস্তার করে, এ ধরনের সরকার বা কারকন্ত্রের কোন ব্যবস্থা বা সিদ্ধান্তকে প্রভাবান্বিত করা,

যাতে ঐ ব্যক্তিকে ব্যবসা পাওয়া বা সংরক্ষণ করায় সহয়তা করা যায়, অথবা যে কোন ব্যক্তিকে ব্যবসা দেয়া যায়।

**(b) নিয়মিত সরকারী ব্যবস্থার ব্যতিক্রম**

কোন বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল অথবা দলের কর্মকর্তার নিয়মিত সরকারী ব্যবস্থা সম্পাদনকে তরান্বিত বা নিশ্চিত করার উদ্দেশ্যে কোন বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, অথবা দলের কর্মকর্তাকে সহাতামূলক বা তরান্বিতমূলক অর্থ পরিশোধ এই ধারার উপধারা (a)-র জন্য প্রযোজ্য হবে না।

**(c) সমর্থনমূলক প্রতিরক্ষা**

এই ধারার উপধারা (a) অনুযায়ী মামলায় সমর্থনমূলক প্রতিরক্ষা হবে যে--

(1) অর্থ পরিশোধ, উপঢৌকন, প্রস্তাব, অথবা প্রস্তাবিত মূল্যবান কোন কিছুর প্রতিশ্রুতি বিদেশী কর্মকর্তা, রাজনৈতিক দল, দলের কর্মকর্তা বা প্রার্থীর দেশের লিখিত আইন এবং প্রবিধান অনুযায়ী আইন সম্মত ছিল; অথবা

(2) অর্থ পরিশোধ, উপঢৌকন, প্রস্তাব, অথবা মূল্যবান কোন কিছুর যে প্রতিশ্রুতি করা হয়েছিল তা ছিল যুক্তিসংগত এবং প্রকৃত খরচ যেমন, ভ্রমণ এবং থাকার খরচ, যা বিদেশী কর্মকর্তা, দল, দলের কর্মকর্তা বা প্রার্থীর পক্ষে দল, দলের কর্মকর্তা বা প্রার্থীর পক্ষে ব্যয় করা হয়েছে এবং সরাসরি--

(A) পণ্য বা পরিষেবার বাজার উন্নয়ন, প্রদর্শন বা ব্যাখ্যার সাথে সম্পর্কিত ছিল; অথবা

(B) একটি বিদেশী সরকার বা তার সংস্থার সাথে চুক্তি নিবার্হ বা সম্পাদনার সাথে সম্পর্কিত ছিল।

**(d) নিষেধাজ্ঞামূলক পরিত্রাণ**

(1) যখন অ্যাটর্নি জেনারেলের কাছে প্রতীয়মান হবে যে, এই ধারায় প্রযোজ্য এমন কোন ব্যক্তি বা কর্মকর্তা, পরিচালক, কর্মী, প্রতিনিধি বা তার স্টক হোল্ডার, এই ধারার উপধারা (a) লংঘন করে এমন কিছু করছে বা করতে উদ্দ্যত হচ্ছে, তখন অ্যাটর্নি জেনারেল তার বিবেচনা অনুযায়ী, যুক্তরাষ্ট্রের একটি যথাযথ ডিস্ট্রিক্ট আদালতে দেওয়ানি মামলা করতে পারবেন যাতে এ ধরনের কাজ বা রেওয়াজ বন্ধ হয়, এবং যথাযথ কারণ দর্শানোর পর, জামানত ছাড়া একটি স্থায়ী বিষেধাজ্ঞা বা অস্থায়ী স্থগিতাদেশ জারী করা হবে।

(2) যে কোন দেওয়ানি তদন্তের উদ্দেশ্যে, যেখানে অ্যাটর্নি জেনারেলের মতে, এই ধারা প্রয়োগের জন্য এই তদন্ত প্রয়োজন এবং সঠিক, অ্যাটর্নি জেনারেল বা তাঁর মনোনীত ব্যক্তি শপথ পড়ানো এবং সত্যাপন, স্বাক্ষীর সপিনা, সাক্ষ্য গ্রহণ করার ক্ষমতা লাভ করবে এবং যে কোন বই, কাগজ, দলিলাদি বা অ্যাটর্নি জেনারেলের মতে তদন্তের জন্য যে কোন প্রাসঙ্গিক উপকরণ প্রস্তুত করতে বাধ্য থাকবে। স্বাক্ষীদের উপস্থিতি এবং দালিলিক স্বাক্ষ্য যুক্তরাষ্ট্রের যে কোন স্থানে, বা তার অঞ্চল, আওতাধীন এলাকা অথবা অর্থ যুক্তরাষ্ট্রের কমনওয়লথের যে কোন নির্ধারিত স্থানে শুনানির প্রয়োজন হতে পারে।

(3) অবাধ্যতার ক্ষেত্রে বা কোন ব্যক্তিকে দেয়া সপিনা মানতে অস্বীকার করলে, অ্যাটর্নি জেনারেল যুক্তরাষ্ট্রের যে কোন আদালতের সহায়তা চাইতে পারে, যার এখতিয়ারে এ ধরনের তদন্ত বা মামলা পরিচালনা করা হয়, অথবা যেখান ঐ ব্যক্তি বসবাস করে বা ব্যবসা করে, যাতে করে উপস্থিতি এবং স্বাক্ষীদের স্বাক্ষ্য বাধ্য করা যায় এবং বই, কাগজ বা অন্যান্য দলিলাদি প্রস্তুত করা যায়। এ ধরনের যে কোন আদালত অ্যাটর্নি জেনারেল বা তার মনোনীত ব্যক্তির কাছে এ ধরনের ব্যক্তির বাধ্যতামূলক উপস্থিতির জন্য আদেশ জারী করতে পারে, এবং আদেশ করা হলে রেকর্ড উপস্থাপন করবে অথবা তদন্তনাধীন বিষয়ে স্বাক্ষ্য দিবে। আদালতের আদেশ মানতে ব্যর্থ হলে আদালত তার অবমাননার জন্য শাস্তি প্রদান করতে পারে।

(4) এ ধরনের যে কোন মামলায় সকল প্রক্রিয়া ঐ ব্যক্তি যেখানে বসবাস করে বা তাকে দেখা যায়, সেই বিচারিক ডিস্ট্রিক্টে সম্পন্ন করা হতে পারে। অ্যাটর্নি জেনারেল, যেমনটা এই দেওয়ানি তদন্তের জন্য প্রয়োজন, অথবা এই উপধারার নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রয়োজন, তেমন নিয়ম প্রণয়ন করতে পারেন।

**(e) দন্ড**

(1) (A) যে কোন আইনি ব্যক্তি যিনি এই ধারার উপধারা (a) লংঘন করে, তাকে অনধিক $2,000,000 জরিমানা করা হবে।

(B) যে কোন আইনি ব্যক্তি যিনি এই ধারার উপধারা (a) লংঘন করে, তার বিরুদ্ধে অ্যাটর্নি জেনারেল কর্তৃক আনীত মামলায় অনধিক $10,000 দেওয়ানি জরিমানা করা হবে।

(2) (A) যে কোন স্বাভাবিক ব্যক্তি যে ইচ্ছাকৃতভাবে এই ধারার উপধারা (a) লংঘন করে তাকে অনধিক $100,000 জরিমানা দন্ড বা অনধিক 5 বছরের কারাদন্ড বা উভয়ই দন্ড দেয়া হবে।

(B) যে কোন স্বাভাবিক ব্যক্তি যে এই ধারার উপধারা (a) লংঘন করে, তাকে অ্যাটর্নি জেনারেল কর্তৃক আনীত মামলায় অনধিক $10,000 দেওয়ানি জরিমানা করা হবে।

(3) যখন অনুচ্ছেদ (2) –এর অধীনে কোন কর্মকর্তা, পরিচালক, কর্মী, প্রতিনিধি, অথবা স্টক হোল্ডারকে এ ধরনের জরিমানা করা হয় তখন সেই ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সেই জরিমানা পরিশোধ করতে পারবে না।

**(f) সংজ্ঞা**

এই ধারার উদ্দেশ্যে:

(1) যখন একজন "ব্যক্তি" বলতে অপরাধীর কথা বলা হয় তখন তা যুক্তরাষ্ট্রের জাতীয়তার (যেমটা 8 U.S.C. § 1101 তে সংজ্ঞায়িত রয়েছে) ব্যক্তি বা কোন করপোরেশন, অংশীদারী প্রতিষ্ঠান, অ্যাসোসিয়েশন, জয়েন্ট-স্টক কোম্পানী, ব্যবসায়িক ট্রাস্ট, নিগমবন্ধনহীন সংস্থা, বা কোন বিদেশের জাতীয় আইনের অধীনে একক মালিকানাধীন সংস্থা বা তার রাজনৈতিক উপবিভাগের ব্যক্তি ব্যতীত অন্য কোন স্বাভাবিক ব্যক্তিকে বোঝাবে।

(2) (A) "বিদেশী কর্মকর্তা" বলতে যে কোন বিদেশী সরকার বা তার যে কোন ডিপার্টমেন্ট, প্রতিনিধি, অথবা তাদের কারকত্ব, অথবা কোন সরকারি আন্তর্জাতিক সংস্থার কোন কর্মকর্তা বা কর্মীকে বোঝাবে, অথবা এ ধরনের সরকার বা ডিপার্টমেন্টের প্রতিনিধি বা কারকত্বের পক্ষে অথবা এ ধরনের সরকারি আন্তর্জাতিক সংস্থার জন্য বা পক্ষে দাপ্তারিক পদে কর্মরত যে কোন ব্যক্তিকে বোঝাবে।

উপঅনুচ্ছেদ (A)র ক্ষেত্রে, " সরকারি আন্তর্জাতিক সংস্থার" কথাটির অর্থ হচ্ছে --

(i) এমন একটি সংগঠন যা ইন্টারন্যাশনাল অর্গানাইজেশনস ইমুউনিটিজ আইন (22 U.S.C. § 288) এর ধারা 1-এর নিবার্হী আদেশ বলে নির্ধারিত হয়েছে; অথবা

(ii) অন্য যে কোন আন্তর্জাতিক সংগঠন, যা এই ধারায় প্রযোজ্য, প্রেসিডেন্টের নিবার্হী আদেশ দ্বারা নির্ধারিত হয়েছে; যা ফেডারেল রেজিষ্টারে এ ধরনের আদেশ প্রকাশনার তারিখ হতে কার্যকর।

(3) (A) একজন ব্যক্তির মনের অবস্থা তার আচরণ, পরিস্থিতি, অথবা ফলাফল সম্পর্কে "জ্ঞাত" যদি --

(i) এই ব্যক্তি অবগত থাকেন যে, তিনি ঐ ধরনের আচরণ করছেন, যে ঐ ধরনের পরিস্থিতি বিদ্যমান আছে অথবা ঐ ধরনের ফলাফল প্রায় নিশ্চিতভাবে ঘটবে; অথবা

(ii) ঐ ধরনের ব্যক্তির মধ্যে দৃঢ় বিশ্বাস আছে যে, ঐ ধরনের পরিস্থিতি বিদ্যমান রয়েছে অথবা ঐ ধরনের ফলাফল প্রায় নিশ্চিতভাবে ঘটবে।

(B) যখন কোন অপরাধের জন্য নির্দিষ্ট পরিবেশের অস্তিত্বের জ্ঞানের প্রয়োজন থাকে, তখন সে ধরনের জ্ঞান রয়েছে বলে ধরা হয় যদি সেই ব্যক্তি এ ধরনের পরিস্থিতির অস্তিত্বের উচ্চ সম্ভাবনার সম্পর্কে সচেতন, যদি না ঐ ব্যক্তি বিশ্বাস করেন যে এ-ধরনের পরিস্থিতির অস্তিত্ব নেই।

(4) (A) "নিয়মিত সরকারি ব্যবস্থা" বলতে শুধুমাত্র সেই ব্যবস্থাকে বোঝায় যা একজন বিদেশী কর্মকর্তা দৈনন্দিনভাবে গ্রহণ করে থাকেন বা সম্পাদন করে থাকেন --

(i) বিদেশে একজন ব্যক্তি ব্যবসা পরিচালনার যোগ্যতা লাভের উদ্দেশ্য পারমিট, লাইসেন্স অথবা অন্যান্য দাপ্তারিক দলিলাদি সংগ্রহের জন্য;

(ii) সরকারী কাগজপত্র, প্রক্রিয়াকরণের জন্য, যেমন ভিসা এবং কার্যাদেশ;

(iii) পুলিশি সুরক্ষা দেয়া, ডাক সংগ্রহ এবং প্রেরণ, অথবা চুক্তি অনুযায়ী কার্যসম্পাদনের সাথে সংশ্লিষ্ট পরিদর্শন নির্ধারণ করা অথবা দেশব্যাপী পণ্য ট্রানজিট সংশ্লিষ্ট পরিদর্শনের জন্য:

(iv) ফোন পরিষেবা, বিদ্যুত এবং পানি সরবরাহ, মালামাল ভরা এবং খালাস অথব পচনশীল পণ্য, বা খাদ্যদ্রব্য পচনের হাত থেকে সুরক্ষা দেয়ার জন্য; অথবা

(v) অনুরূপ ধরনের কোন ব্যবস্থা গ্রহণের জন্য।

(B) বিদেশী কর্মকর্তা কর্তৃক কোন নতুন ব্যবসা প্রদানের ব্যবস্থা অথবা নির্দিষ্ট কোন পক্ষের সাথে ব্যবসা অব্যাহত রাখা, অথবা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিদেশী কর্মকর্তা, কর্তৃক কোন নির্দিষ্ট পক্ষকে নুতন ব্যবসা দেয়া বা অব্যাহত রাখার সিদ্ধান্তে উত্সাহ প্রদান করার কোন সিদ্ধান্ত তা যে কোন শর্তের হোক না কেন, "নিয়মিত সরকারী ব্যবস্থা"-র অন্তর্ভুক্ত নয়।

(5) "আন্তঃস্টেট বাণিজ্য" বলতে অনেক স্টেটের মধ্যে, অথবা বিদেশের সাথে যুক্তরাষ্ট্রের কোন স্টেটের অথবা যে কোন স্টেট এবং যে কোন স্থানের মধ্যে বা এর বাইরে জাহাজের মধ্যে ব্যবসা বাণিজ্য, পরিবহন অথবা যোগাযোগকে বোঝায়, এবং পরবর্তী আন্তঃস্টেট ব্যবহার এই কথাটির অন্তর্ভুক্ত থাকবে--

(A) টেলিফোন অথবা যোগাযোগের আন্তঃস্টেট মাধ্যম, অথবা

(B) যে কোন আন্তস্টেট কারকত্ব।

**§ 78ff. দন্ড**

**(a) ইচ্ছাকৃত লংঘন; মিথ্যা এবং বিভ্রান্তিমূলক বিবৃতি**

যে কোন ব্যক্তি যিনি ইচ্ছাকৃতভাবে এই অধ্যায়ের (এই টাইটটেলের ধারা 78dd-1 ব্যতীত) নির্দেশনাবলী লংঘন করে, অথবা সেখানকার কোন নিয়ম বা প্রবিধান লংঘন করে, যা করাটা অবৈধ, অথবা যা মেনে চলা এই অধ্যায়ের শর্তানুযায়ী বাধ্যতামূলক, অথবা যে কোন ব্যক্তি যিনি ইচ্ছাকৃতভাবে এবং জেনে শুনে, এই অধ্যায়ের অধীনে বাধ্যতামূলক বা যে কোন আইনের বা প্রবিধানের অধীনে কোন আবেদনে, প্রতিবেদন বা দলিলে বা এই টাইটেলের 78 ধারার উপধারার (d) অনুযায়ী নিবন্ধনের বিবৃতিতে যোষণা দেয়, বা ঘোষণা করায়, বা যে-কোন স্বনিয়ন্ত্রিত সংস্থা কর্তৃক সদস্যপদের আবেদনে বা সেখানে অংশগ্রহণে বা সেখানকার কোন সদস্যের সাথে সংশ্লিষ্ট হওয়ার জন্য এমন বিবৃতি দেয়, যা বস্তুত তথ্যগতভাবে মিথ্যা এবং বিভ্রান্তিমূলক, সেই ব্যক্তি দোষী সাব্যস্ত হলে তাকে অনধিক $5,000,000, জরিমানা করা হবে, অথবা অনধিক ২০ বছরের কারাদন্ড দেয়া হবে বা এই উভয় দন্ড দেয়া হবে, তবে ব্যতিক্রম হবে যদি এ ধরনের ব্যক্তি স্বাভাবিক ব্যক্তি না হয়ে থাকেন, সেক্ষেত্রে অনধিক $25,000,000 জরিমানা দেয়া হতে পারে; তবে এই ধারার অধীনে কোন নিয়ম বা প্রবিধান লংঘনের জন্য কোন ব্যক্তিকে কারাদন্ড দেয়া হবে না, যদি তিনি প্রমাণ করেন যে তিনি এ ধরনের নিয়ম বা প্রবিধান সম্পর্কে অবহিত ছিলেন না।

**(b) তথ্য,দলিলাদি অথবা প্রতিবেদন দাখিলে ব্যর্থতা**

কোন ইস্যুকারী যিনি এই টাইটেলের ধারা 78 ও এর উপধারা (d) –এর চাহিদা অনুযায়ী, অথবা, এর কোন নিয়ম বা প্রবিধানের আওতায় কোন তথ্য, দলিলাদি, অথবা প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হয়, তাকে যুক্তরাষ্ট্রের পক্ষে এ ধরনের দাখিলের ব্যর্থতার প্রতিদিনের জন্য $100 করে অর্থ বাজেয়াপ্ত করা অব্যাহত থাকবে। যতদিন পর্যন্ত এই ব্যর্থতা অব্যাহত থাকবে। এ ধরনের বাজেয়াপ্ত, যা দাখিল করার ব্যর্থতার জন্য অপরাধমুলক দন্ডের পরিবর্তে প্রযোজ্য, যা এই ধারার উপধারা (a)-এর কারণে উদ্ভুত, তা যুক্তরাষ্টের নামে দেওয়ানি মামলায় তা পুনরুদ্ধার করা যাবে।

**(c) ইস্যুকারী, কর্মকর্তা, পরিচালক, স্টক হোল্ডার, কর্মী, অথবা ইস্যুকারীর প্রতিনিধি কর্তৃক লংঘন**

(1) (A) যে কোন ইস্যুকারী যে জন এই টাইটেলের [15 U.S.C. § 78dd-1] ধারা 30A –র উপধারা (a) অথবা (g) লংঘন করে, তাকে অনধিক $2,000,000 জরিমানা দন্ড দেয়া হবে।

(B) যে কোন ইস্যুকারী, যেজন এই টাইটেলের [15 U.S.C. § 78dd-1] ধারা 30A-র উপধারা (a) অথবা (g) লংঘন করে, তাকে কমিশন কর্তৃক আনীত মামলায় অনধিক $10,000 দেওয়ানি দন্ড দেয়া হবে।

(2) (A) যে কোন কর্মকর্তা, পরিচালক, কর্মী অথবা ইস্যুকারীর প্রতিনিধি, অথবা এ ধরনের ইস্যুকারীর পক্ষে কর্মরত স্টক হোল্ডার, যিনি ইচ্ছাকৃতভাবে এই টাইটেলের [15 U.S.C. § 78dd-1] ধারা 30A-র উপধারা (a) অথবা (g) লংঘন করে, তাকে অনধিক $100,000 জরিমানা করা হবে, অথবা অনধিক ৫ বছরের কারাদন্ড বা উভয় দন্ড দেয়া হবে।

(B) যে কোন কর্মকর্তা, পরিচালক, কর্মী অথবা ইস্যুকারীর প্রতিনিধি, অথবা এ ধরনের ইস্যুকারীর পক্ষে কর্মরত স্টক হোল্ডার, যিনি ইচ্ছাকৃতভাবে এই টাইটেলের [15 U.S.C. § 78dd-1] ধারা 30A-র উপধারা (a) অথবা (g) লংঘন করে, তাকে কমিশন কর্তৃক আনীত মামলায় অনধিক $10,000 দেওয়ানি দন্ড দেয়া হবে।

(3) যখন অনুচ্ছেদ (2) অনুযায়ী কোন কর্মকর্তা, পরিচালক, কর্মী, প্রতিনিধি অথবা ইস্যুকারীর স্টক হোল্ডারকে জরিমানা করা হয়, তখন ঐ ইস্যুকারী কর্তৃক, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সেই জরিমানা পরিশোধ করা যাবে না।